অভিনেত্রী তানজিন তিশার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির আবেদন



অভিনেত্রী তানজিন তিশা। ছবি: সংগৃহীত

বাদীকে হুমকি দেওয়ার অভিযোগে করা মামলায় আদালতে হাজির হননি অভিনেত্রী তানজিন তিশা। তাঁর বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির আবেদন করেছেন বাদীপক্ষের আইনজীবী। তবে এ আবেদনের শুনানির জন্য আগামী ১৪ ডিসেম্বর দিন ধার্য করেছেন আদালত।

সোমবার (২৩ নভেম্বর) ঢাকার নির্বাহী ম্যাজিস্ট্রেট মু. মাহবুব-উল-আলমের আদালতে এ আবেদন করেন আইনজীবী শুভ্র সিনহা রায়। তিনি জানান, মামলার তারিখ সম্পর্কে অবগত থাকা সত্ত্বেও তানজিন তিশা আদালতে উপস্থিত হননি। এ কারণে গ্রেপ্তারি পরোয়ানা চাওয়া হয়েছে।

মামলার বাদী ও ফ্যাশন উদ্যোক্তা আয়েশাহ আনুম ফায়যাহ সানায়া চৌধুরীও এদিন আদালতে উপস্থিত ছিলেন। বিচারক প্রশাসনিক কাজে ব্যস্ত থাকায় আবেদনের শুনানি হয়নি।

এর আগে, ২০২৫ সালের ২৭ নভেম্বর শাড়ি নিয়ে প্রতারণার অভিযোগে তানজিন তিশার বিরুদ্ধে মামলা করেন সানায়া চৌধুরী। তাঁর অভিযোগ, একটি অনুষ্ঠানে পরার কথা বলে অভিনেত্রী ৭৫ হাজার টাকা দামের একটি শাড়ি নিলেও পরে তা ফেরত দেননি।

তদন্ত শেষে গত ২৫ মে পিবিআই অভিযোগের সত্যতা না পেয়ে চূড়ান্ত প্রতিবেদন দেয়। বাদীপক্ষের নারাজি আবেদনের পর গত ২৫ অক্টোবর আদালত পুনরায় তদন্তের নির্দেশ দেন। এর পরদিন মামলা প্রত্যাহারের জন্য হুমকি দেওয়ার অভিযোগে তানজিন তিশার বিরুদ্ধে পৃথক মামলা করেন সানায়া। সেই মামলাতেই গ্রেপ্তারি পরোয়ানার আবেদন করা হয়েছে। এ বিষয়ে আদালত এখনো কোনো আদেশ দেননি।